

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৭০

জম্মুইজলা, ৬ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
অমরেন্দ্রনগর ভিলেজে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি জম্মুইজলা ব্লকের অমরেন্দ্রনগর কমিউনিটি হলে এক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ব্লকের অমরেন্দ্রনগর ও হীরাপুর ভিলেজকে নিয়ে অনুষ্ঠিত এই শিবিরে ২৩টি এসটি, ২৬টি পিআরটিসি সার্টিফিকেট দেওয়া হয়েছে। তাছাড়া ১০টি এসটি, ১৪টি পিআরটিসি ও ১টি ইনকাম সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ভিলেজের প্রাণীপালকদের মধ্যে প্রয়োজনীয় ঔষধ বিতরণ করা হয়। এতে ৩৩ জন প্রাণীপালক উপকৃত হয়েছেন। মৎস্য দপ্তর থেকে ১৪ জন মৎস্যচাষীকে মাছের ঔষধ দেওয়া হয়। শিবিরে শ্রম দপ্তর থেকে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পে ১ জন শ্রমিকের কাজ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়েছে।
